দ্বিতীয় অনুরোধ পত্র

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.১৮-৫৩৯

তারিখঃ ০৬ কার্তিক ১৪২৬ ব.
২২ অক্টোবর ২০১৯ খ্রি.

বিষয়ঃ ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন সংক্রান্তে মতামসহ প্রয়োজনীয় তথ্য/প্রমাণক টিএমইডি-তে প্রেরণ সংক্রান্ত।

সূত্র:
(১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.(৪)১৯-১৮৯, তারিখ: ১০/০৭/২০১৯ খ্রি:
(২) টিএমইডি'র স্মারক নং-৩৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.১৮-১৫৬, তারিখ: ১১/০৩/২০১৯ খ্রি:
(৩) টিএমইডি'র স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৫.০২৭.৬০.১৮-৩৩৮, তারিখ: ২৩/১০/২০১৮ খ্রি:
(৪) মুহাম্মদ আফজাল হোসাইন, উপাধ্যক্ষ, হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসা'র আবেদন, তারিখ: ২৪/৩/১৯ খ্রি.।
(৫) এস এম হানিফ, সভাপতি, হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসা কর্তৃক স্বাক্ষরিত পত্র, তারিখ: ০৫/১১/১৬ খ্রি.
(৬) টিএমইডি'র স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৫.০২৭.৬০.১৮-৫১১, তারিখ: ০২/১০/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলার ০৫/০২/২০১৯ তারিখের রায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, তাং ০৬/০৬/২০১১ ও ইসলামি আরবি বিশ্ববিদ্যারয়ের স্মারক নং-প্রশা/২০১৫/৪০৭৩, তাং ০১/১১/২০১৭ এর নির্দেশনা অনুযায়ী ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার (অধ্যক্ষ না থাকায়) ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কিত তথ্য ১৯/০৩/১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য সূত্রোক্ত (২) নং পত্রের মাধ্যমে ডিএমই-কে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

২। তৎপ্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে সূত্রোক্ত (১) নং পত্রের মাধ্যমে যে সকল তথ্য জানানো হয়েছে তা নিম্নরুপ-

(ক) ঢাকার মিরপুস্থ হযরত শাহ আলী (রহ:) কামিল মাদ্রাসার অধ্যক্ষ ভারপ্রাপ্ত পদে একই মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হোসাইনকে দায়িত্ব দেয়ার নিমিত্ত টিএমইডি হতে সূত্রোক্ত (২) সংখ্যক স্মারকমূলে ডিএমইকে নির্দেশনা প্রদান করা হয়।

(খ) টিএমইডি-এর (মাদ্রাসা-১ শাখার) সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে বর্ণিত মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব কে.এম সাইফুল্লাহ এর বিষয়ে নিম্নরুপ নির্দেশনা দেয়া হয়েছে-

"ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব কে.এম সাইফুল্লাহ (ইনডেক্স নং-২০৯২৩০৪) এর সহকারী মৌলভী পদ থেকে প্রভাষক পদে পদায়ন যথাযথ হওয়ায় তার বেতন-ভাতার সরকারী অংশ সাময়িকভাবে স্থগিতাদেশ,প্রভাষক পদে গৃহীত সমূদয় অর্থ সরকারী কোষাগারে ফেরত প্রদানের আদেশ এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদ হতে অপসারণের নির্দেশনা এতদ্বারা বাতিল করা হলো"।

(গ) বর্ণিত মাদ্রাসার স্মারক নং- হশম/২১/২০১৯, তারিখ: ২৮/৫/২০১৯ খ্রি: এর মর্মমতে হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার এডহক কমিটির সভাপতি কর্তৃক জানা যায় যে, সাময়িক বরখাস্তকৃত উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হুসাইন মাদ্রাসার টাকা আত্নসাৎসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে অধ্যক্ষ ভারপ্রাপ্ত পদ থেকে দুইবার পদত্যাগ করেন। পাঁচ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী ০৬/০৮/২০১৬ তারিখের ১৪১ নং সভার ০২ নং সিদ্ধান্তে মাদ্রাসার গভর্ণিং বডি তাকে সাময়িক বরখাস্ত করে। (তবে দাবীর সমর্থনে কোন প্রমানক সংযুক্ত করা হয়নি)।

(ঘ) দীর্ঘদিন ধরে মাদ্রাসার গভর্ণিং বডি না থাকায় সাময়িক বরখাস্তকৃত উপাধ্যক্ষ জনাব মো: আফজাল হুসাইন এর বিরুদ্ধে কোন সিদ্ধান্ত নেয়া হয়নি। তিনি এখনো সাময়িক বরখাস্ত আছেন। মাদ্রাসায় উপস্থিত না থেকে তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষ দাবী করে বিভিন্ন অফিসে পত্র প্রেরণ করেন (তবে এ দাবীর সমর্থনেও কোন প্রমানক সংযুক্ত করা হয়নি)। মাদ্রাসার এডহক কমিটির সিদ্ধান্ত এই যে, অধ্যক্ষ নিয়োগ না হওয়া পর্যন্ত কে.এম সাইফুল্লাহ অধ্যক্ষ ভারপ্রাপ্ত আছেন এবং থাকবেন। তিনি সৎ,যোগ্য, অভিজ্ঞ এবং মাদ্রাসা সুন্দরভাবে পরিচালনা করায় তারই অধ্যক্ষ ভারপ্রাপ্ত হিসেবে থাকা প্রয়োজন মর্মে উল্লেখ করা হয়েছে (কিন্তু কোন আইন/বিধি/সার্কুলার বলে তা করা প্রয়োজন এর প্রমানক দেয়া হয়নি) ।

(ঙ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক জনাব কে.এম সাইফুল্লাহ-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে বহাল রাখায় এবং বর্ণিত মাদ্রাসার এডহক কমিটি কর্তৃক উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হুসাইন সাময়িক বরখাস্ত আছেন মর্মে প্রত্যয়ন করায় তাকে (জনাব মো: আফজাল হুসাইন) ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা যথাযথ হবে না মর্মে প্রতীয়মান হয় (তবে এর সমর্থনে কোন প্রমানক দেয়া হয়নি)।

৩। এ সংক্রান্তে জনাব মুহম্মদ আফজাল হোসাইন, উপাধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত সূত্রোক্ত (৪) নং পত্র পর্যালোচনায় প্রাপ্ত তথ্যের সারমর্ম নিম্নরূপ-

(ক) বিগত ০৫/১১/২০১৬ তারিখে হযরত শাহ আলী (রহ:) কামিল মাদ্রাসার গভর্ণিং বডির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত সূত্রোক্ত (৫) নং পত্রের মাধ্যমে জনাব মুহম্মদ আফজাল হোসাইন, উপাধ্যক্ষ-এর সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হয়।

(খ) প্রতিষ্ঠানের ১২তম জুনিয়র শিক্ষক সহকারী মৌলভী কে.এম সাইফুল্লাহ অবৈধ উপায়ে উক্ত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষের পদে বহাল রাখা হয়েছে যা আইনানুগ নয় ।

(গ) বরখাস্ত না থাকা সত্ত্বেও উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হোসাইন-কে আগস্ট/১৮ মাস হতে অর্ধেক বেতন প্রদান করা হচ্ছে যা আইনানুগ নয়।

৪। উল্লেখ্য যে, জনাব কে,এম সাইফুল্লাহ কর্তৃক (অধ্যক্ষের দায়িত্ব পালন সংক্রান্তে) দায়েরকৃত রিট (মামলা নং ১৫৯৯২/১৭) মামলাটি গত ০৫.০২.১৯ খ্রি: তারিখে Discharged (খারিজ) হয়ে গেছে। জনাব কে,এম সাইফুল্লাহ উক্ত মাদ্রাসার ১২তম জুনিয়র শিক্ষক বিধায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের (এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়েরও একইরূপ নির্দেশনা রয়েছে) নির্দেশনা অনুযায়ী (উক্ত মাদ্রাসার ১২তম জুনিয়র শিক্ষক হিসেবে) জনাব কে,এম সাইফুল্লাহ কর্তৃক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন আইনানুগ নয়।

চলমান পাতা নং-০২

৫। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ১৮/৫/২০১৫ তারিখের পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় যে- জনাব কে.এম সাইফুল্লাহ (ইনডেক্স নং-২০৯২৩০৪ কিন্তু নিরীক্ষা প্রতিবেদনে ইনডেক্স নং-০৫৬৭৩২ উল্লেখ রয়েছে) বর্ণিত প্রতিষ্ঠানে ০৪/১২/১৯৮৬ তারিখে সহকারী মৌলভী পদে যোগদান করেন। পরবর্তীতে গভর্নিং বডির ৩১/১২/২০১০ তারিখের সভায় তাকে প্রভাষক পদে পদায়ন করা হয় এবং ০১/১১/২০১২ তারিখে প্রভাষক পদে এমপিওভুক্ত হন। গত ০৪/০২/২০১০ খ্রি. তারিখের প্রকাশিত জনবল কাঠামো, ২০১০ এর (১২) নং অনুচ্ছেদ এর বিধান অনুযায়ী সহকারী মৌলভী হতে প্রভাষক/উচ্চতর পদে যেতে হলে নিবন্ধন থাকা আবশ্যক। কিন্তু নিবন্ধন না থাকায়, বেআইনি ও এখতিয়ার বহির্ভূতভাবে গভর্নিং বডি কর্তৃক পদায়ন গ্রহণপূর্বক প্রভাষক পদে বেতন গ্রহণ, বিপুল অর্থ আত্নসাৎ ও মাদ্রাসার কাঠ চুরি সংক্রান্তে উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্তক্রমে তাঁর (জনাব কে.এম সাইফুল্লাহ) এমপিও বন্ধ করার জন্য ডিএমই কর্তৃক ০১/৩/২০১৮ খ্রি. তারিখে ৫৯ সংখ্যক স্মারকে সচিব, টিএমইডি বরাবর প্রস্তাব করা। উক্ত অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কোন তথ্য প্রস্তাবের সাথে পাওয়া যায়নি।

৬। ডিএমই এর পরিদর্শক কর্তৃক তদন্তকালে জনাব কে.এম সাইফুল্লাহ এর বর্ণিত প্রতিষ্ঠানে সহকারী মৌলভী এবং প্রভাষক পদে নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদনপত্র, নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনপত্র বাছাইয়ের রেজ্যুলেশন, নিয়োগ বোর্ড গঠনের রেজ্যুলেশন, নিয়োগ পরীক্ষার ফলাফল সীট, নিয়োগ বোর্ডের সুপারিশ, নিয়োগ পত্র ও যোগদান পত্র অনুমোদনের রেজ্যুলেশন এবং ১ম ও শেষ এমপিও কপি জনাব কে.এম সাইফুল্লাহ বে-আইনীভাবে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্বে থাকা সত্বেও তদন্ত কর্মকর্তাকে সরবরাহ করতে পারেনি মর্মে তদন্ত কর্মকর্তার পত্রে উল্লেখ রয়েছে।

৭। জনবল কাঠামো, ২০১০ এর (১২) নং অনুচ্ছেদ এর বিধান অনুযায়ী সহকারী মৌলভী হতে প্রভাষক/উচ্চতর পদে যেতে হলে নিবন্ধন থাকা আবশ্যক। নিবন্ধন না থাকায় জনাব কে.এম সাইফুল্লাহ এর প্রভাষক পদ থেকে অবনমন করে সহকারী মৌলভী পদের বেতন ভাতা প্রদানের নিমিত্ত বর্ণিত প্রতিষ্ঠানের ০৫/১১/২০১৬ তারিখের রেজ্যুলেশনে উল্লেখ রয়েছে।

৮। বর্ণিত প্রেক্ষাপটে বিষয়টি নিষ্পত্তির নিমিত্ত নিম্নোক্ত তথ্যাদি আবশ্যক-

(ক) হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হুসাইন বর্তমানে সাময়িক বরখাস্ত অবস্থায় আছেন কীনা? এর স্বপক্ষে টিএমইডিতে প্রমাণক প্রেরণ আবশ্যক।

(খ) উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হুসাইন বর্তমানে সাময়িক বরখাস্ত অবস্থায় থাকলে এবং সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ দিনের বেশী হয়ে থাকলে উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হুসাইন বর্তমানে পূর্ণ এমপিও (মহামান্য হাইকোর্টের নির্দেশনা মতে) পাওয়ার অধিকারী কীনা ?

(গ) জেষ্ঠ্যতার তালিকায় উক্ত প্রতিষ্ঠানে (অধ্যক্ষ ও উপাধ্যক্ষ ব্যতীত) জনাব কে.এম সাইফুল্লাহ ১২ তম জুনিয়র শিক্ষক হওয়া সত্বেও জনাব কে.এম সাইফুল্লাহ-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়ার আইনগত সুযোগ আছে কীনা? থাকলে কোন আইন/বিধির আওতায় তা সম্ভব? (প্রমাণকসহ)।

(ঘ) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ১৯/০৫/২০১৯ তারিখের ৮৩০০ সংখ্যক এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ০৮.০৭.১৯ খ্রি: তারিখের স্মারক নং ইআবি/রেজি//প্রশা/৮৫০০ এর নির্দেশনা (যার অনুলিপি ডিজি, ডিএমই বরাররেও প্রেরিত) বাস্তবায়িত হয়েছে কীনা? না হয়ে থাকলে (সমর্থনে আইন/বিধি উল্লেখ্যক্রমে) এর কারণ কি এবং কবে নাগাদ বাস্তবায়িত হবে?

(ঙ) সরকারি এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা ভঙ্গ করে গভর্নিং বডির অভিপ্রায় অনুযায়ী ১২তম কনিষ্ট শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করার আইনগত সুযোগ আছে কীনা? থাকলে তা কিভাবে (আইন/বিধি উল্লেখপূর্বক) ?।

(চ) উক্ত মাদ্রাসার পূর্ণাঙ্গ কমিটির সভাপতি কর্তৃক ইস্যুকৃত ০৫/১১/২০১৬ তারিখের পত্রের মাধ্যমে জনাব মুহাম্মদ আফজাল হুসাইন এর সাময়িক বরখাস্ত প্রত্যাহারের আদেশটি (কপি সংযুক্ত) সঠিক কীনা? সঠিক না হলে প্রমাণকসহ সঠিক তথ্য প্রয়োজন।

(ছ) এ সংক্রান্ত বিদ্যমান আইন/বিধির আওতায় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ১৯/০৫/২০১৯ তারিখের পত্রের মর্মমতে উক্ত মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের জন্য যোগ্যতম শিক্ষক কে? এ বিষয়ে তথ্য প্রয়োজন।

(জ) গত ০৪.০৬.১৪ খ্রি: তারিখে সম্পন্ন হওয়ার ডিআইএ এর অডিট রিপোর্ট এর {অনুচ্ছেদ ১৪(ড) এর (৩) দ্রষ্টব্য} আপত্তি অনুযায়ী জনাব কে.এম সাইফুল্লাহ এর নিকট হতে আপত্তিকৃত ৪৫,১৫০ (পঁয়তাল্লিশ হাজার একশত পঞ্চাশ) টাকা আদায় করা হয়েছে কিনা ?

৯। এমতাবস্থায়, উল্লিখিত মতে চাহিত তথ্যাদি গত ১৫/১০/২০১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য সূত্রোক্ত (৬) নং পত্রমূলে অনুরোধ করা হয়েছিল। কিন্তু নির্ধারিত তারিখের পরে ০৭ (সাত) দিন অতিক্রান্ত হলেও তথ্যাদি না পাওয়ায় এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহন করা সম্ভব হচ্ছেনা। আগামি ০৭/১১/২০১৯ তারিখের মধ্যে চাহিত তথ্যাদি আবশ্যিকভাবে টিএইমডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে **দ্বিতীয় বার** বিনীত অনুরোধ করা হলো।

২২/১০/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। জনাব মুহাম্মদ আফজাল হোসাইন, উপাধ্যক্ষ, হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসা, মিরপুর-১, ঢাকা-১২০০।
৬। অফিস কপি/মাস্টার কপি।